২০১৫ সালের ইনোভেশন টিমের উদ্ভাবন সংক্রান্ত

বার্ষিক প্রতিবেদন

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

www.mole.gov.bd

ইমেইল ঃ info@mole.gov.bd

মন্ত্রণালয় রূপকল্প (Vison): শোভন (Decent) কর্মপরিবেশ এবং শ্রমিকদের উন্নত জীবন মান।

অভিলক্ষ্য (Mission): শিল্প প্রতিষ্ঠানে নিরাপদ কর্ম পরিবেশ সৃজন, শান্তিপূর্ণ শিল্প সম্পর্ক বজায় রাখা, শিশুশ্রম নিরসন এবং দক্ষ শ্রমশক্তি সৃষ্টির মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি।

পটভূমিঃ

মন্ত্রিপরিষদ বিভাগের ৮ এপ্রিল ২০১৩ তারিখের ০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩.১৮ সংখ্যক প্রজ্ঞাপন অনুসারে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে ৩০-০৫-২০১৩ তারিখে ৫ সদস্য বিশিষ্ট একটি ইনোভেশন টিমগঠন করা হয়। পরবর্তীতে কিছু কর্মকর্তার বদলির কারণে টিমপুর্নগঠন করা হয়। বর্তমান ইনোভেশন টিমও তার কার্যপরিধি নিম্নরুপঃ

ইনোভেশন টিমের সদস্যবৃন্দ

(১) জনাব মিঞা আব্দুল্লাহ মামুন, অতিঃ সচিব (প্রশাসন)	-	চীফ ইনোভেশন অফিসার
(২) জনাব এস এম জাহেদুল করিম, (যুগ্ম-সচিব)	-	সদস্য
(৩) জনাব এ বি এম সিরাজুল হক, উপসচিব (সংস্থাপন)	-	সদস্য
(৪) জনাব মোঃ শাহজাহান মিয়া, উপসচিব (প্রশাসন)	-	সদস্য
(৫) বেগম জাহানারা বেগম, উপসচিব (বাজেট)	-	সদস্য
(৬) জনাব মুহাম্মদ তাইয়েবুল ইসলাম, উপসচিব (অধিশাখা-৯)	-	সদস্য
(৭) জনাব মোঃ মেহেদী হাসান, সহকারী প্রধান (পরিকল্পনা)	-	সদস্য সচিব

ইনোভেশন টিমের কর্মপরিধি:

- স্ব স্ব কার্যালয়ের সেবা প্রদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুনগত পরিবর্তন আনয়ন;
- এ সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বৎসরের শুরুতে মাসিক সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন ;
- প্রতিমাসে টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন ;
- মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/জেলা/উপজেলা পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সহিত যোগাযোগ ও সমন্বয় সাধন ; এবং
- প্রতি বৎসর ৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বৎসরের একটি পূর্ণাঙ্গ বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন, উহা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ।

পরবর্তী পর্যায়ে প্রধানমন্ত্রী'র কার্যালয়ের ২১/১০/২০০১৪ তারিখের ০৩.০৭৬.০৪৬.০৩.০০১.২০১৪-২১২ সংখ্যক পত্রের নির্দেশনার আলোকে নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে তিন সদস্য বিশিষ্ট একটি ইনোভেশন সেল গঠন করা হয়ঃ

ক্রম	নাম	পদবী
১।	জনাব এ বি এম সিরাজুল হক	উপসচিব (বাজেট) ও ইনোভেশন অফিসার
২।	বেগম জাহানারা বেগম	উপসচিব (অধিশাখা-২) ও ইনোভেশন অফিসার
৩।	জনাব মোঃ মেহেদী হাসান	সহকারি সচিব (প্রশাসন) ও ইনোভেশন অফিসার

২. ইনোভেশন টিমের সভায় গৃহীত সিদ্ধান্ত

ক্রম	সভার তারিখ	সিদ্ধান্ত
১	১৮ আগস্ট ২০১৫	১. ১ম শ্রেণীর সকল কর্মকর্তাকে আগামী মাসের ৩০ তারিখের মধ্যে আবশ্যিকভাবে নূন্যপক্ষে একটি করে ইনোভেশন আইডিয়া প্রদান করার জন্য অনুরোধ করা হলো। পরবর্তীতে প্রতিমাসের ১৫ তারিখের মধ্যে ১টি করে ইনোভেশন আইডিয়া প্রশাসন শাখার, সিনিয়র সহকারি সচিব, বেগম শাহীন আখতার এর নিকট জমা প্রদান করার জন্য অনুরোধ করা হলো। ২. APA লক্ষ্যমাত্রা অর্জনের জন্য এ মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভার কার্যপত্র ও বাস্তবায়ন অগ্রগতি APA এর ফরম্যাটে করা হয়েছে। এটি একটি ইনোভেশন আইডিয়া যা APA অর্জনের ক্ষেত্রে কার্যকর। এ ফরম্যাটটি ২০১৪-২০১৫ অর্থ বছরের ইনোভেশন আইডিয়া হিসেবে গ্রহণ করা হলো। যা মন্ত্রিপরিষদ বিভাগে জানাতে হবে। ৩. সহকারি প্রধান ও ইনোভেশন অফিসার জনাব মোঃ মেহেদী হাসান ইনোভেশন টিম এর সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন। ৪. উপসচিব (বাজেট) বেগম জাহানার বেগমকে ইনোভেশন টিম-এ কো-অপ্ট করা হলো। ৫. প্রতিমাসের ২য় সপ্তাহের ১ম সোমবার ইনোভেশন টিম এর সভা অনুষ্ঠিত হবে। ৬. ইনোভেশন টীমের একটি বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। ৭. মন্ত্রণালয়ের অধীনস্থ সকল দপ্তর/অধিদপ্তর প্রতিমাসে অন্ততঃ একটি করে ইনোভেশন টিম এর সভা আহবান করে গৃহীত/ প্রস্তাবিত ইনোভেশন আইডিয়া প্রতিমাসের ১০ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে।
২	১৬ নভেম্বর ২০১৫	১. ১ম শ্রেণীর সকল কর্মকর্তাকে বারবার অনুরোধ করা সত্ত্বেও কোন ইনোভেশন আইডিয়া না পাওয়ায় সকলকে পূনরায় ইনোভেশন আইডিয়া প্রদানের জন্য পত্র প্রেরণ করতে হবে। প্রাপ্ত ইনোভেশন আইডিয়া মাসিক সমন্বয় সভায় অনুমোদনপূর্বক জিআইউতে প্রেরণ করতে হবে। ২. প্রতিমাসের ১ম সোমবার ইনোভেশন টিম এর নিয়মিত সভা অনুষ্ঠিত হবে। ৩. ইনোভেশন সংক্রান্ত আলোচনার জন্য মাসিক সমন্বয় সভায় ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে। ৪. ইনোভেশন টীমের একটি বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। ৫. মন্ত্রণালয়ের অধীনস্থ সকল দপ্তর/অধিদপ্তর প্রতিমাসে অন্ততঃ একটি করে ইনোভেশন টিম এর সভা করে নূন্যতম একটি ইনোভেশন আইডিয়া উক্ত সভায় অনুমোদন নিয়ে প্রতিমাসের ১০ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে।
৩	২৭ জানুয়ারি ২০১৬	১. ১ম শ্রেণীর সকল কর্মকর্তাকে মার্চ মাসের ৩০ তারিখের মধ্যে আবশ্যিকভাবে নূন্যপক্ষে একটি করে ইনোভেশন আইডিয়া প্রদান এবং পরবর্তীতে প্রতিমাসের ১৫ তারিখের মধ্যে ১টি করে ইনোভেশন আইডিয়া প্রশাসন শাখার, সিনিয়র সহকারি সচিব, বেগম শাহীন আখতার এর নিকট জমা প্রদান করার জন্য অনুরোধ করতে হবে । ২. প্রতিমাসের ২য় সপ্তাহের ১ম সোমবার ইনোভেশন টিম এর সভা করতে হবে । ৩. ইনোভেশন টীমের একটি বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। ৪. মন্ত্রণালয়ের অধীনস্থ সকল দপ্তর/অধিদপ্তর প্রতিমাসে অন্ততঃ একটি করে ইনোভেশন টিম এর সভা আহবান করে গৃহীত/ প্রস্তাবিত ইনোভেশন আইডিয়া প্রতিমাসের ১০ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

৩. গৃহীত ইনোভেশন আইডিয়া

ক্রম	ইনোভেশন আইডিয়া
১	**ইনোভেশন আইডিয়া-১:** সরকারি কাজে ব্যবহারের জন্য জমি অধিগ্রহণ এবং অধিগ্রহণকৃত সম্পত্তি ব্যবহার না করা। **আইডিয়া প্রদানকারী কর্মকর্তাঃ** জনাব এ বি এম সিরাজুল হক, উপসচিব (সংস্থাপন)। **কর্মপরিকল্পনাঃ** সরকারি জমি অধিগ্রহণ আইন অনুযায়ী সরকারি বিভিন্ন সংস্থার কর্মসম্পাদনের জন্য অথবা স্থাপনা নির্মাণের জন্য বিভিন্ন সময়ে জমি অধিগ্রহণ করা হয়ে থাকে। কিন্তু দেখা যায়, যে পরিমাণ জমি অধিগ্রহণ করা হয়, তাঁর কিছু অংশ স্থাপনা বা সরকারি কাজে ব্যবহার করা হয়। অধিকাংশ ক্ষেত্রে দেখা যায় যে, প্রচুর পরিমাণ জমি ৪০/৫০ বছর বা তাঁর চেয়েও বেশি সময় পর্যন্ত অব্যবহৃত থাকে। যা ব্যবহারের কোন সম্ভাবনা ভবিষ্যতেও থাকে না। এসব জমি যদি প্রকৃত মালিকের নিকট ফেরত দেয়া হয়, তাহলে সেসব জমি উৎপাদনের কাজে জমির মালিকগণ ব্যবহার করতে পারেন; যাতে দেশে উৎপাদনশীলতা বৃদ্ধি পাবে। সুতরাং সরকারি জমি অধিগ্রহণ আইনটি পরিবর্তন করে দীর্ঘদিন যাবৎ অব্যবহৃত জমি মূল মালিকের নিকট তাঁর কর্তৃক গৃহীত অর্থ ফেরত দেয়া সাপেক্ষে অব্যবহৃত জমি তাঁর অনুকূলে অবমুক্ত করা হলে ব্যক্তি ও দেশ উপকৃত হবে। **ফলাফলঃ** ইহা বাস্তবায়ন করা হলে ব্যক্তি ও দেশ উপকৃত হবে।
২	**ইনোভেশন আইডিয়া-২:** সরকারি বাসায় বসবাসরত কর্মকর্তা/কর্মচারিদের না-দাবী পত্র সহজীকরণ। **আইডিয়া প্রদানকারী কর্মকর্তাঃ** জনাব বিজয় রঞ্জন সাহা, উপসচিব (রপ্তানীমূখী শিল্প ও আন্তর্জাতিক সংস্থা)। **কর্মপরিকল্পনাঃ** সরকারি কর্মকর্তা/ কর্মচারিদের অবসরের পর পেনশন প্রাপ্তি সহজীকরণের জন্য সরকার পেনশন সহজীকরণ নীতিমালা জারী করেছে। কিন্তু অধিকাংশ ক্ষেত্রেই দেখা যায় যে, যেসব সরকারি কর্মকর্তা/কর্মচারি সরকারি বাসায় বসবাস করেন তাদের অনুকূলে যথাসময়ে আবাসন পরিদপ্তর/সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক স্ব-প্রণোদিত হয়ে না-দাবী পত্র জারী না করায় পেনশন প্রাপ্তিতে দীর্ঘসূত্রিতার সৃষ্টি হয়। মূলতঃ অনেক কর্মকর্তা/কর্মচারি না-দাবী পত্রের বিষয়টি সম্পর্কে অবহিত থাকেন না। এ কারণে প্রতি বছর আবাসন কর্তৃপক্ষ তাদের নিজ উদ্যোগে সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসের সহিত যোগাযোগপূর্বক না-দাবী পত্র জারী করলে পেনশন প্রাপ্তিতে বিলম্ব অথবা ভোগান্তি সৃষ্টি হবে না। **ফলাফলঃ** ইহা বাস্তবায়ন করা হলে পেনশনে গমনকারী সরকারি কর্মকর্তা/ কর্মচারিগণ উপকৃত হবে
৩	**ইনোভেশন আইডিয়া-৩** ঃ বেকার যুবকদের কর্মসংস্থানের জন্য কারিগরি প্রশিক্ষণ ও ডাটাবেজ তৈরী। আইডিয়া প্রদানকারী কর্মকর্তা ঃ জনাব এ বি এম সিরাজুল হক, উপসচিব (বাজেট)। **কর্মপরিকল্পনা** ঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত ২০১০ সালের জরিপ অনুযায়ী বাংলাদেশে মোট কর্মক্ষম শ্রম শক্তির সংখ্যা ৭৭ মিলিয়ন। এ শ্রম শক্তির উল্লেখযোগ্য সংখ্যক বেকার। উক্ত বেকার জনশক্তিকে কার্যকর প্রশিক্ষণের মাধ্যমে জনসম্পদে রূপান্তর করে দেশে ও বিদেশে কর্মসংস্থান করা যেতে পারে। বিভিন্ন কারিগরি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মাধ্যমে এদেরকে প্রশিক্ষণ প্রদান করে তাদের একটি ডাটাবেজ করা যেতে পারে।যা শ্রম পরিদপ্তরের ওয়েবসাইটে থাকবে। এ ডাটাবেজ থেকে দেশী ও বিদেশী শিল্প প্রতিষ্ঠানগুলো তাদের সুবিধা ও প্রয়োজনীয়তা অনুযায়ী কর্মী বাছাই করে শ্রম পরিদপ্তরে চাহিদা প্রেরণ করবে। শ্রম পরিদপ্তর সে অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে। **ফলাফল** ঃ এ কার্যক্রমের ফলে দেশের শ্রম সেক্টরে শৃঙ্খলা ফিরিয়ে আনাসহ দক্ষতা অনুযায়ী কর্মসংস্থান সৃষ্টি করা সম্ভব হতে পারে।
৪	**ইনোভেশন আইডিয়া-৪** ঃ গার্মেন্টস শিল্পে কর্মরত নারী শ্রমিক অফিসে যাতায়াতের সময় অথবা কর্মস্থলে কোন প্রকার সমস্যার সৃষ্টি হলে তাৎক্ষণিকভাবে কর্তৃপক্ষকে জানানোর জন্য সহজ পদ্ধতিতে দ্রুততম সময়ের মধ্যে কোন বার্তা পাঠানো যেতে পারে। আইডিয়া প্রদানকারী কর্মকর্তা ঃ জনাব মোঃ শাহজাহান মিয়া, উপসচিব (প্রশাসন)।

৪. মাসিক সমন্বয় সভায় ইনোভেশন বিষয়ক আলোচনা

এ মন্ত্রণালয়ের প্রতিটি মাসিক সমন্বয় সভায় ইনোভেশন বিষয়ে আলোচনা হয় এবং কর্মকর্তাগণ যেন ইনোভেশন আইডিয়া প্রদানে তৎপর হন তার উপর গুরুত্বারোপ করা হয় এবং মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/সংস্থার সকল কর্মকর্তাগণকে প্রতিমাসে ১টি করে ইনোভেশন আইডিয়া প্রদানের জন্য বলা হয়।

মাসিক সমন্বয় সভায় ইনোভেশন সংক্রান্ত আলোচনা নিম্নরুপঃ

ক্রম	আলোচনা
১	উপসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, নাগরিক সেবার মান উন্নয়নের দায়বদ্ধতার প্রেক্ষাপটে সরকারি খাতে সৃজনশীল উদ্যোগকে উৎসাহিত করার লক্ষ্যে প্রতিটি সরকারি অফিসে ইনোভেশন সেল গঠন করা হয়েছে। এ সেলের আওতায় বিগত ২৮-১০-২০১৪ খ্রিঃ তারিখ প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত সভায় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়সহ আরও কয়েকটি মন্ত্রণালয়ে ইনোভেশন সেল গঠন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।
২	মন্ত্রণালয়রে উপসচবি (সংস্থাপন) জনাব এ বি এম সরিাজুল হক র্কতৃক ০২টি, উপসচবি (প্রশাসন) জনাব মোঃ শাহজাহান মিয়া র্কতৃক ০১টি, উপসচবি (রপ্তানীমূখী শিল্প) জনাব বিজয় রঞ্জন সাহা র্কতৃক ০১টিসহ র্সবমোট ০৪টি ইনোভশেন আইডয়িা প্রধানমন্ত্রীর র্কাযালয়ে Governance Innovation Unit (GIU) প্রেরণ করা হয়েছে।
৩	ডিসেম্বর /২০১৫ মাসের সমন্বয় সভায় উপস্থিত সকল কর্মকর্তাগণকে প্রতিমাসে ১টি করে ইনোভেশন আইডিয়া প্রদানের জন্য বলা হয়। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এবং শ্রম পরিদপ্তরের কার্যক্রম সহজীকরণ (ডিজিটালাইজেশন) এর বিষয়ে নতুন নতুন আইডিয়া উদ্ভাবনের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। সিদ্ধান্তঃ মন্ত্রণালয় এবং অধিনস্থ দপ্তরসমূহের সকল কর্মকর্তাকে প্রতিমাসে ন্যূনতম ০১টি ইনোভেশন আইডিয়া মন্ত্রণালয়ের ইনোভেশন সেলে জমা দিতে হবে।

৫. প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক বাস্তবায়িত এটুআই প্রকল্পে এ প্রেরিত ইনোভেশন আইডিয়া

প্রকল্প সংক্ষেপ

১.	মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের নাম	:	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	
২.	প্রকল্পের নাম	:	ইন্ট্রোডিউসিং ই-ফাইল এন্ড পারসোনেল ম্যানেজমেন্ট থ্রু লিডিং এজ টেকনোলজি (Introducing E-file management and Personnel Management Through Leading Edge Technology)	
৩.	প্রকল্পের উদ্দেশ্য	:	• কর্মকর্তা/কর্মচারিদের প্রযুক্তি সম্পর্কিত দক্ষতা উন্নয়ন • মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তরসমূহের কাজের গতিশীলতা বৃদ্ধি • দাপ্তরিক কাজের গুণগত মান উন্নয়ণ • কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ	
৪.	প্রত্যাশিত ফলাফল	:	• স্টেকহোল্ডারদের/টার্গেট গ্রুপের এর জন্য সেবার পরিধি বিস্তৃতকরণ • স্বল্প সময়ে সেবা প্রদান • সেবার মান উন্নয়ন	
৫.	এটি কিভাবে একটি উদ্ভাবনীমূলক উদ্যোগ?	:	• এ মন্ত্রণালয়ে এ সংক্রান্ত কার্যক্রম পূর্বে গ্রহণ করা হয়নি। প্রকল্পটি বাস্তবায়িত হলে মন্ত্রণালয়ের কার্যক্রমে দৃশ্যমান ইতিবাচক পরিবর্তন সাধিত হবে এবং কর্মকর্তা, কর্মচারি ও স্টেকহোল্ডারদের মাঝে আস্থার পরিবেশ সৃষ্টি হবে।	
৬.	এ উদ্যোগটি কেন প্রয়োজন?	:	• এ প্রকল্পটি বাস্তবায়িত হলে সরকার ঘোষিত রুপকল্প-২০২১ বাস্তবায়ন সহজতর হবে। • এ প্রকল্পের মাধ্যমে সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছান সহজতর হবে।	
৭.	উপকারভোগী কারা	:	• মন্ত্রণালয় ও অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারিবৃন্দ • গার্মেন্টর্স শিল্প সেক্টরে কর্মরত শ্রমিক ও কারখানা মালিকগণ • রাষ্ট্রায়ত্ব শিল্প সেক্টরে কর্মরত শ্রমিক ও মালিক • মহিলা ও সুবিধা বঞ্চিত জনগোষ্ঠী।	
৮.	প্রকল্পের মেয়াদ	:		
৯.	প্রকল্প ব্যয়	:	১৫,০০,০০০/- (পনের লক্ষ টাকা)।	অর্থায়নের উৎস- রাজস্ব বাজেট: উন্নয়ন প্রকল্প: ইনোভেশন ফান্ড: ১৫,০০,০০০/- (পনের লক্ষ টাকা)

৬. মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত ইনোভেশন আইডিয়া

প্রস্তাবিত অনলাইন সেবা

১.	মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের নাম	:	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
২.	সেবার নাম	:	সার্ভিস ডেলিভারি থ্রো এসএমএস ফর লেবার ওয়েলফেয়ার ফান্ড
৩.	সেবার উদ্দেশ্য	:	• শ্রমিক কল্যাণ তহবিল সম্পর্কে বিস্তারিত তথ্য • দ্রুত ও সহজ স্থাপনার স্বয়ংসম্পূর্ণ পরিসেবা প্রদান • শ্রমিকদের সন্তুষ্টি বৃদ্ধি • শ্রমিক অধিকার সংরক্ষণ • এসএমএস এর মাধ্যমে ঘরে বসে শ্রমিক কল্যাণ তহবিলের সেবা প্রাপ্তি
৪.	প্রত্যাশিত ফলাফল	:	• শ্রমিকদের দোর গোড়ায় সেবা পৌঁছানো • কাজের গতিশীলতা বৃদ্ধি • স্বশরীরে না এসে ঘরে বসে সেবা প্রাপ্তি নিশ্চিত করা • শ্রমিকদের ভোগান্তি লাঘব
৫.	সেবাটির প্রয়োজনীয়তা	:	• দরিদ্র শ্রমিকদের কর্মরত অবস্থায় আহত, নিহত ও অসুস্থতার ক্ষেত্রে এবং তাদের মেধাবী সন্তানদের আর্থিক সহায়তা দ্রুততম সময়ে এবং ঘরে বসে প্রাপ্তির ক্ষেত্রে সহায়তা • শ্রমকল্যাণ ও শ্রমিকদের সামাজিক নিরাপত্তা বিধান।
৬.	সেবা গ্রহণকারী	:	• প্রাতিষ্ঠানিক অপ্রাতিষ্ঠানিক সেক্টরে কর্মরত সকল শ্রমিক

৭। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, শ্রম ও শ্রমিকের উন্নয়ন, শ্রমিকের কর্মদক্ষতা ও উৎপাদনশীলতা বৃদ্ধি, নতুন শিল্প সম্প্রসারণ ইত্যাদির মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এ মন্ত্রণালয় এবং এর অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/সংস্থার কার্যক্রমে নতুন নতুন ধারণা উদ্ভাবনের ব্যাপক সুযোগ রয়েছে। সেলক্ষ্যে গঠিত ইনোভেশন টিম ও ইনোভেশন সেল কাজ করে যাচ্ছে। কর্মকর্তা ও কর্মচারিগণের উদ্ভাবনী ক্ষমতা কাজে লাগানোর মাধ্যমে শ্রমিক মালিক সম্পর্ক উন্নয়নে যুগান্তকারী পরিবর্তন আনা সম্ভব ।